



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৬৯১৩

তারিখ : ২৮-০৩-২০২৪ খ্রি.

বিষয় : তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৭-০৩-২০২৪ তারিখের অনলাইন আবেদন (আইডি-(২৫৩৬০)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার শার্শা উপজেলাধীন গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয় এর নবগঠিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব জনাব অশোক কুমার ঘোষ একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত

২৮-০৩-২০২৪

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার
শার্শা, যশোর।

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৬৯১৩(৬)

তারিখ : ২৮-০৩-২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শার্শা, যশোর।
- ৪। প্রধান শিক্ষক, গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয়, গোগা, শার্শা, যশোর।
- ৫। অভিযোগকারী, জনাব অশোক কুমার ঘোষ, পিতা - মৃত্যঞ্জয় ঘোষ, গোগা, শার্শা, যশোর।
- ৬। অফিস নথি।

২৮-০৩-২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

তারিখঃ ০৭/০৩/২০২৪ খ্রিঃ

বরাবর

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়ঃ নির্বাচন বিহীন ইচ্ছামত কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদক এই যে, আমি অশোক কুমার ঘোষ, পিতা: - মৃত-
মৃত্যঞ্জয় ঘোষ, গ্রাম: গোগা, ডাক: গোগা. শার্শা, যশোর। আমি বর্তমান ৬নং গোগা ইউনিয়ন
পরিষদের একজন সদস্য ও অত্র গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয়ের একজন বিদ্যোৎসাহী সদস্য।
অত্র বিদ্যালয়টি আমার ৪নং ওয়ার্ড গোগা পশ্চিমে অবস্থিত। আমি উক্ত পরিচালনা পরিষদের সদস্য
হওয়া সত্ত্বেও কোন মিটিং এর আয়োজন করা হলেও আমাকে উক্ত মিটিংয়ে আমন্ত্রণ করা হয় না।
কোন প্রচার প্রচারণা ছাড়ায় ঘরে বসে বর্তমান কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কোন বিধি
মোতাবেক গঠন করা হয়নি বলে প্রতীয়মান হয়।

অতএব হৃজুর সমীপে আমার একান্ত আরোজ এই যে, উক্ত কমিটি যাতে বাতিল হয় তাহার ব্যবস্থা
গ্রহণ করতে আপনার সদয় সহানুভূতি কামনা করছি।

বিনীত নিবেদক



(অশোক কুমার ঘোষ)

ইউপি সদস্য ৪নং ওয়ার্ড (গোগা পশ্চিম)

গোগা ইউনিয়ন পরিষদ